গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০৩৮.১৭-৩৩০

তারিখঃ ২১ মে, ২০১৮ খ্রিস্টাব্দ
০৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪১০.১১.০০৫.১৩-৫৪ তারিখ ১৮/০২/২০১৮ খ্রিঃ মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন রাজস্ব খাতভূক্ত নির্ধারিত বেতন স্কেলে নিম্ন বর্ণিত ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য আগ্রহী পদ প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাদি সাপেক্ষে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে এ অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৭.১৫-১৮২ তারিখ ১৬/০৩/২০১৬ খ্রিঃ এবং স্মারক নং ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৭.১৫(অংশ-১)-৮৭৪ তারিখ ১৬/১১/২০১৭ খ্রিঃ মূলে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে যারা আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে বিধায় তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ক্রঃনং	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	উচ্চমান সহকারী	গ্রেডঃ ১৪ ১০২০০-২৪৬৮০/-	০৮	স্নাতক ডিগ্রী।
২	বেতার যন্ত্রচালক (ওয়ারলেস অপারেটর)	গ্রেডঃ ১৫ ৯৭০০-২৩৪৯০/-	০৯	সরকার অনুমোদিত টিএন্ডটি ইনষ্টিটিউট হতে প্রশিক্ষণ সাটিফিকেট/উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।
৩	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেডঃ ১৬ ৯৩০০-২২৪৯০/-	৭৯	১। স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ২। কম্পিউটার কম্পোজের গতি সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ থাকতে হবে। ৩। কম্পিউটার এ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৪	গাড়ীচালক	গ্রেডঃ ১৬ ৯৩০০-২২৪৯০/-	১০	৮ম শ্রেণী পাস। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যানবাহন সংক্রান্ত কারিগরি দক্ষতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেয়া হবে।
৫	অফিস সহায়ক (এমএলএসএস)	গ্রেডঃ ২০ ৮২৫০-২০০১০/-	১৭	৮ম শ্রেণী পাস।
৬	নিরাপত্তা প্রহরী (গার্ড/দারোয়ান)	গ্রেডঃ ২০ ৮২৫০-২০০১০/-	১৮	৮ম শ্রেণী পাস।

<table>
<tr><td></td><td colspan="2">আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ</td></tr>
<tr><td>০১.</td><td colspan="2">আগ্রহী পদপ্রার্থীগণ http://ddmr.teletalk.com.bd এ ওয়েবসাইটে Online-এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। website এ প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে।</td></tr>
<tr><td>০২</td><td colspan="2">৩০/০৪/২০১৮ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করা হবে।</td></tr>
<tr><td>০৩</td><td colspan="2">আবেদনের সময়সীমা নিম্নরূপঃ</td></tr>
<tr><td></td><td>i.</td><td>Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৪/০৫/২০১৮ সকাল ১০:০০ টা হতে।</td></tr>
<tr><td></td><td>ii.</td><td>Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৫/০৬/২০১৮ বিকাল ০৪:০০ টা পর্যন্ত।</td></tr>
<tr><td></td><td>iii.</td><td>উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।</td></tr>
<tr><td>০৪</td><td colspan="2">Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।</td></tr>
<tr><td>০৫</td><td colspan="2">Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।</td></tr>
<tr><td>০৬</td><td colspan="2">প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।</td></tr>
<tr><td>০৭</td><td colspan="2">SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।</td></tr>
</table>

	নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৪ এর জন্য ১০০/- টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১০/- টাকা মোট ১১০/- টাকা এবং ০৫ ও ০৬ নং ক্রমিকের জন্য ৫০/- টাকা; টেলিটকের সর্ভিস চার্জ ০৫/- টাকা মোট ৫৫/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য,** "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না**"। প্রথম SMS: DDMR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। ***Example: DDMR ABCDEF*** *Reply: **Applicant's Name, Tk- ....will be charged as application fee. Your PIN is 12345678.** To pay fee **Type DDMR<Space>Yes<Space>PIN and send to 16222.*** দ্বিতীয় SMS: DDMR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। ***Example: DDMR YES 12345678*** *Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for DDMR Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***
০৮	**প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ddmr.teletalk.com.bd অথবা www.ddm.gov.bd এর **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে **প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS** পড়া এবং **প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**
০৯	SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
১০	প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে। (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি। (খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি। (গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি। (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র। (ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে উপযুক্ত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। (চ) উপজাতি ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সত্যায়িত ফটোকপি।]

	শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।	
	i.	User ID জানা থাকলে DDMR<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: DDMR HELP USER ABCDEF
	ii.	PIN Number জানা থাকলে: DDMR<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: DDMR HELP PIN 12345678
১২	বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা নিয়োগের সময় প্রাপ্যতা অনুযায়ী কম/বেশী হতে পারে।	
১৩	উপরিউক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।	
১৪	কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে উপরিউক্ত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।	

(মোঃ জাহাংগীর আলম)
(যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশাসন)
ও
আহবায়ক
নিয়োগ/বাছাই ও পদোন্নতি কমিটি
ফোনঃ ৯৮৯২৩৯৮

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০৩৮.১৭-৩৩০

তারিখঃ ২১ মে, ২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। পরিচালক,..(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। উপ-পরিচালক (প্রশাসন-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]
৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

(শায়লা ইয়াসমিন)
(উপ-সচিব)
উপ-পরিচালক (প্রশাসন-২)
ও
সদস্য সচিব
নিয়োগ/বাছাই ও পদোন্নতি কমিটি
ফোনঃ ৯৮৮৬০১৭